12669

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

INDIA

H 123

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

G-0/15766

6/12/16

Certified that the document is admitted to registration. The signature sheet/sheets & the endorsement sheet/sheets attached with this document are the part of this document.

Additional District Sub-Registrar
Rajarhat, New Town, North 24-Pgs.

06 DEC 2016

# ॥ স্থাবর সম্পত্তির সাফ্ বিক্রয় কোবালা দলিল ॥

কোবালাপত্র গ্রহীতা/ক্রেতা ঃ—

(১) শ্রী শিশির মন্ডল, (প্যান কার্ড নং - AKHPM5985D), পিতা - ঁ হিমাংশু মন্ডল, (২) শ্রীমতী প্রিয়াঙ্কা মন্ডল, (প্যান কার্ড নং -BEBPM9118R, স্বামী - শ্রী শিশির মন্ডল, উভয়ের সাং - রেকজোয়ানী (হাসপাতালের নিকট পোষ্ট ও থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা, কোলকাতা - ৭০০১৩৫ ধর্মে - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - ব্যবসা।

কোবালাপত্র দাতা ...... ঃ

Scanned with CamScanner

নম্বর - 4805
সন ও তারিখ - 24/11/2016
ক্রেতার নাম - Sisir Mondal
সাকিন - Reckjoani, Rajarhat
ষ্ট্যাম্প মূল্য - 100
ভেন্ডার স্বাঃ-

বারাসাত কোর্ট
উত্তর ২৪ পরগণা

টি. ভি নং -
ষ্ট্যাম্প ক্রয়ের তারিখ - 24 OCT 2016
মোট ষ্ট্যাম্পের মূল্য - 400000
ট্রেজারী অফিস - বারাসাত
ভেন্ডার শ্রী তাপস কুমার সাহা

SEAL OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR RAJARHAT, NEW TOWN, NORTH 24 PARGANAS

Somnath Bardhan.

SOMNATH BARDHAN.
S/O NEMAI CHAND BARDHAN
VILL: RECKJOANI (NEAR SITALA MANDIR)
P.O. + P.S. : RAJARHAT
KOLKATA : 700135
OCCUPATION : SERVICE

Additional District Sub-Registrar
Rajarhat, New Town, North 24 Parganas

06 DEC 2016

Scanned with CamScanner

Hirendranath Das

<u>কোবালাপত্র দাতা/বিক্রেতা</u> ঃ—

শ্রী হীরেন্দ্র নাথ দাস, (প্যান কার্ড নং - ADPPD1188C), পিতা - স্বর্গীয় মঙ্গল চন্দ্র দাস, সাং - রেকজোয়ানী, পোষ্ট ও থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা, কোলকাতা - ৭০০১৩৫, হাল সাং - ১৬৩/১, মসজিদ বাড়ি স্ট্রীট, পোষ্ট - বিডন স্ট্রীট, থানা - বড়তলা, কোলকাতা - ৭০০০০৬, ধর্মে - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - অবসরভোগী।

কস্য সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও মুক্তাবস্থায় স্থাবর সম্পত্তির সাফ কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃঃ—

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজিস্ট্রী অফিস রাজারহাট, নিউ টাউন এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত এবং রাজারহাট বিষ্ণুপুর ১ নং গ্রাম পঞ্চায়েত অর্ন্তগত মৌজা- রেকজোয়ানী গ্রামে হাল ১০ নং তৌজির হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিকারে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট আর.এস. ৪৭০, ১৬৩৭ নং খতিয়ান সহ আরও অন্যান্য খতিয়ান ভুক্ত হাল (আর.এস.) ১০৯০, ১০৯১, ১০৯২, ১০৯৩, ১০৯৪, ১০৯৫ নং দাগ ভুক্ত ১ একর ৫৩ শতক জমি যাহা পূর্ব্বাধিকারী বিনোদ বিহারী মন্ডল, জয় কৃষ্ণ মন্ডল, বট কৃষ্ণ মন্ডল গণের নাম বরাবর রেকর্ডীয় খাস স্বত্ব ভোগ দখলিয় সম্পত্তি থাকে।

অতঃপর উক্ত বিনোদ বিহারী মন্ডল মহাশয় উক্ত সম্পত্তির মধ্যে ১/৩ অংশের

সম্পত্তি ...... ৩

Scanned with CamScanner

(৩)

সম্পত্তি মালিক ও ভোগ দখল থাকা অবস্থায় পরলোক গমন করিলে পর তৎত্যাক্ত সম্পত্তি অনিল কুমার মন্ডল ও সুনীল কুমার মন্ডল দ্বয় তাহার পুত্র বিধায় পৈত্রিক ওয়ারেশান সূত্রে সমাংশে প্রাপ্ত হয়েন।

অতঃপর উক্ত জয় কৃষ্ণ মন্ডল মহাশয় উক্ত সম্পত্তির মধ্যে ১/৩ অংশের সম্পত্তি মালিক ও ভোগ দখল থাকা অবস্থায় বিগত ইংরাজী ০৫/০৫/১৯৬৭ তারিখে কাশীপুর দমদম সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ৬০ নং ভল্যুমের ৭৯ হইতে ৯১ নং পাতায় নকলকৃত ৩৬৩১ নং এককেতা ডিড অফ সেটেলমেন্ট বা পারিবারিক বন্দোবস্ত দলিল মূলে তাহার চার পুত্র যথাক্রমে হারাধন মন্ডল, চারু চন্দ্র মন্ডল, শম্ভু নাথ মন্ডল ও গুরুদাস মন্ডল বরাবর রেজিস্ট্রী করিয়া দেন।

অতঃপর উক্ত বট কৃষ্ণ মন্ডল মহাশয় উক্ত সম্পত্তির মধ্যে ১/৩ অংশের সম্পত্তি মালিক ও ভোগ দখল থাকা অবস্থায় অবিবাহিত পরলোক গমন করিলে পর তৎত্যাক্ত সম্পত্তির মধ্যে ১/২ অংশের সম্পত্তি তাহার এক ভ্রাতা বিনোদ বিহারী মন্ডলের পুত্রদ্বয় যথাক্রমে অনিল কুমার মন্ডল, সুনীল কুমার মন্ডল এবং বক্রী ১/২ অংশের সম্পত্তি তাহার অপর ভ্রাতা জয়কৃষ্ণ মন্ডলের পুত্রগণ যথাক্রমে হারাধন মন্ডল, চারু চন্দ্র মন্ডল, শম্ভু নাথ মন্ডল ও গুরুদাস মন্ডল গণ সকলে ভ্রাতার উত্তরাধিকার সূত্রে হিন্দু আইন মতে প্রাপ্ত হয়েন।

অতঃপর ...... ৪

Scanned with CamScanner

অতঃপর উক্ত সুনীল কুমার মন্ডল মহাশয় উক্ত সম্পত্তির মধ্যে তাহার পৈত্রিক সূত্রে ও কাকার উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি মালিক ও ভোগ দখল থাকা অবস্থায় পরলোক গমন করিলে পর তৎত্যাক্ত সম্পত্তি তপন কুমার মন্ডল, স্বপন কুমার মন্ডল, মানিক মন্ডল, জহর মন্ডল, হিরেন মন্ডল, বীরেন মন্ডল তাহার পুত্র বিধায় এবং সবিতা মন্ডল, নমিতা মন্ডল, সন্ধ্যা মন্ডল, কবিতা গায়েন তাহার কন্যা বিধায় এবং অমিয়া মন্ডল তাহার স্ত্রী বিধায় সকলে পৈত্রিক ও স্বামীর ওয়ারেশান উত্তরাধিকার সূত্রে সমাংশে প্রাপ্ত হয়েন।

অতঃপর উক্ত অনিল কুমার মন্ডল মহাশয় উক্ত সম্পত্তির মধ্যে তাহার পৈত্রিক সূত্রে ও কাকার উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি মালিক ও ভোগ দখল থাকা অবস্থায় বিগত ইংরাজী ১৩/১১/১৯৮৪ তারিখে এ.ডি.এস.আর. বিধান নগর, সল্টলেক সিটি অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ৬০৭৯ নং ও ৬০৮০ নং দুইটি পৃথক পৃথক দলিল মূলে হিমাংশু কুমার মন্ডল ও পুর্ণিমা মন্ডল দ্বয় বরাবর বিক্রয় করিয়া বিক্রীত জমাজমি হইতে এককালীন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ও তাহাদেরকে খাস দখল প্রদান করেন।

উপরোক্ত প্রকারে উক্ত হিমাংশু কুমার মন্ডল, পুর্ণিমা মন্ডল, তপন কুমার মন্ডল, স্বপন কুমার মন্ডল, মানিক মন্ডল, জহর মন্ডল, হিরেন মন্ডল, বীরেন মন্ডল, সবিতা মন্ডল, নমিতা মন্ডল, সন্ধ্যা মন্ডল, কবিতা গায়েন, অমিয়া মন্ডল, এবং হারাধন



Scanned with CamScanner

মন্ডল ও গুরুদাস মন্ডল সকল শরিক একত্রে এজমালে উক্ত আর.এস. ৪৭০, ১৬৩৭ নং খতিয়ান সহ আরও অন্যান্য খতিয়ান ভুক্ত হাল (আর.এস.) ১০৯০, ১০৯১, ১০৯২, ১০৯৩, ১০৯৪, ১০৯৫ নং দাগ ভুক্ত ১ একর ৫৩ শতক জমি ভোগ দখল করিতে থাকা অবস্থায় ভোগ দখল ব্যবহারের সুবিধার্থে বিগত ইংরাজী ২৯/০৮/১৯৮৯ তারিখে এ.ডি.এস.আর. বিধান নগর, সল্টলেক সিটি অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১৪৯ নং ভল্যুমের ৪৪৫ হইতে ৪৬২ নং পাতায় নকলকৃত ৭০৪৪ নং এককেতা ডিড অফ পার্টিশান বা আপোষ বন্টন নামা দলিল মূলে উক্ত সম্পত্তি বিভাগ বন্টন করিয়া লয়েন।

উক্ত বিভাগ বন্টন কালে উক্ত হারাধন মন্ডল ও গুরুদস মন্ডলদ্বয় চতুর্থ পক্ষ ভুক্ত হইয়া 'ঙ' নং তপশীলে বর্ণিত এক নকসা মোতাবেক 'ডি' নং প্লটে নীল রং দ্বারা সীমা চিহ্নিত আর.এস. ১৬৩৭ নং খতিয়ান ভুক্ত আর.এস. হাল ১০৯০ নং দাগে ডাঙ্গা ২১ শতক জমি এবং আর.এস. ৪৭০ নং খতিয়ান ভুক্ত আর.এস. হাল ১০৯৫ নং দাগে ডাঙ্গা ৩৩ শতক মধ্যে ২৭ শতক জমি, মোট দুইটি দাগে কমবেশী ৪৮ শতক জমি প্রাপ্ত হয়েন।

অতঃপর উক্ত হারাধন মন্ডল ও গুরুদাস মন্ডল উক্ত দুইটি দাগে উক্ত কমবেশী ৪৮ শতক জমি চিহ্নিত মতে প্রাপ্ত হইয়া মালিক ও ভোগ দখলিকার থাকা অবস্থায় তাহারা একযোগে বিগত ইংরাজী ০৩/১০/১৯৮৯ তারিখে এ.ডি.এস.আর. বিধান নগর, সল্ট লেক সিটি অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১৬১ নং ভল্যুমের ২৯৭ হইতে ৩০৮

নং ......৬

Scanned with CamScanner

নং পাতায় নকলকৃত ৭৫৫৩ নং এককেতা সাফ কোবালা দলিল মূলে আমি অত্র দলিলের বিক্রেতা আমার নিকট উক্ত আর.এস. হাল ১০৯০ নং দাগে কমবেশী ০০ - ০৪ - ০০´ চার ছটাক জমি এবং আর.এস. ১০৯৫ নং দাগে কমবেশী ০১ - ১৪ - ২৭´ এক কাঠা চৌদ্দ ছটাক সাতাশ বর্গফুট জমি, একুনে সর্ব্বমোট এক নকসা মোতাবেক চিহ্নিত সীমাংকৃত ও 'সি' নং প্লটে চৌহদ্দি ভুক্ত কমবেশী ০২ - ০২ - ২৭´ দুই কাঠা দুই ছটাক সাতাশ বর্গফুট জমি বিক্রয় করিয়া বিক্রীত জমাজমি হইতে এককালীন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ও আমাকে খাস দখল প্রদান করেন।

খরিদ সূত্রে আমি অত্র দলিলের বিক্রেতা উক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া মালিক সরকারের করাদী আদায় দিয়া ভোগ দখলিকার থাকা অবস্থায় বর্তমান এল.আর. জরীপে আমার নিজ নাম বরাবর এল.আর. ৭২৯৪ নং খতিয়ানে উক্ত হাল (আর.এস. ও এল.আর.) ১০৯০ নং দাগে ডাঙ্গা ২১ শতক জমির মধ্যে ০.০১৭৪ অংশে কমবেশী ০০.৩৭ শতক জমি এবং হাল (আর.এস. ও এল.আর.) ১০৯৫ নং দাগে ডাঙ্গা ৩৩ শতক জমির মধ্যে ০.০৯৩৯ অংশে কমবেশী ০৩.১০ শতক জমি যথাযথ রেকর্ড লিপিবদ্ধ করিয়া এযাবৎকাল অন্যের নিরাংশে খাসে মালিক ও ভোগ দখলিকার বর্তমান আছি। যাহা আমার দান, বিক্রয় ও সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা বর্তমান আছে।

এক্ষনে আমার নানা বিধ বৈধ কারণ বশতঃ নগদ টাকার বিশেষ আবশ্যকে উক্ত

৩ ...... ৭

Scanned with CamScanner

ও নিম্ন তপশীলে বর্ণিত দুইটি দাগে অত্র সহ নকসায় লাল রেখার দ্বারা দর্শিত সীমাংকৃত 'সি' নং প্লটে চৌহদ্দি ভুক্ত একত্রে কমবেশী ০৩.৪৭ শতক জমি, যাহা স্থানীয় বাংলা মাপে কমবেশী ০২ (দুই) কাঠা ০২ (দুই) ছটাক ২৭ (সাতাশ) বর্গফুট জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট দরবস্ত হক হকুক সম্পত্তি বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনারা উক্ত জমি খরিদের জন্য আমার নিকট প্রস্তাব করিলে আমি আপনাদের প্রস্তাবে সম্মত হইয়া উক্ত জমির বর্তমান বাজার মূল্য মং ৭,০০,০০০৲ সাত লক্ষ টাকা পণে ও উক্ত টাকার প্রাপ্তী স্বীকারে অত্র সাফ কোবালা মূলে আপনাদের নিকট সাফ বিক্রয় করিয়া এককালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং আপনাদিগকে খাস ও খোলসা দখল দিয়া দিলাম। আপনারা অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, ভোগবান, দখলে দখলিকার হকে হকদার হইয়া আমার নামের পরিবর্ত্তে আপনাদের নিজ নিজ নাম পত্তন করতঃ নিরুপীত করাদী আদায়ে দান, বিক্রয় ইত্যাদী সর্বপ্রকার হস্তান্তর রুপান্তরের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশাণ স্থলবর্তী গণক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন।

কস্মিন কালেও বিক্রীত সম্পত্তিতে আমি কিংবা আমার ওয়ারিশাণ স্থলবর্তি গণক্রমে কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া কিংবা ওজরাপত্তি করি বা করে তাহা অত্র কোবালার বলে সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

কোবালা ...... ৮

Scanned with CamScanner

কোবালা ভুক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব সংশ্রব লভ্য হক হকিয়ৎ ও অধিকারাদি ছিল বা আছে তৎ সমস্ত অদ্য আমার হইতে রদ রহিত ও লোপ পাইয়া এই কোবালার বলে সম্পূর্ণরূপে আপনাদিগতে বর্তিল।

কোবালা ভুক্ত সম্পত্তি আমি ইতি পূর্বে কোন প্রকার দায় সংযোগ বা হস্তান্তরাদি করিয়া রাখি নাই বা কাহাকেও বেনাম করিয়া রাখি নাই বা কোন মামলা মোকদ্দমার বিষয়ী ভূক্ত সম্পত্তি নহে বা উহাতে আমার কোন স্বত্ব দখলের দোষ নাই বা কোন আদালত কর্তৃক ক্রোক নিলাম হয় নাই বা সরকার বাহাদুর কর্তৃক গৃহীত হয় নাই বা ভেষ্টেভ সম্পত্তি নহে। সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় এবং আমার খাস দখলে থাকা অবস্থায় আপনাদের নিকট সাফ বিক্রয় করিলাম।

যদ্যাপি ভবিষ্যতে কোন প্রকার তঞ্চকতা থাকা প্রকাশ পাইয়া আপনাদের খরিদা স্বত্বের কোন ক্ষতি হয় বা বিঘ্ন ঘটে তাহা হইলে আপনাদের যাবতীয় ক্ষতি মায় খরচাদী সহ পনের লিখিত সমুদয় টাকা এককালীন ফেরত ও আদায় দিতে বাধ্য থাকিলাম।

অত্র দলিলে কোন লেখার ছাড় পড়িলে বা ভুলত্রুটি প্রকাশ পাইলে আপনাদের খরচায় আপনাদের নাম বরাবর বিনা পনে ভ্রম সংশোধন বা পরিপূরক দলিল করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদার্থে আপন খুশিতে স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে সরল মনে, অন্যের

বিনানুরোধে ...... ৯

Scanned with CamScanner

বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া ও পনের লিখিত সমুদয় টাকা নিম্ন জায়মত এককালীন বুঝিয়া পাইয়া আপনাদের নাম বরাবর অত্র কোবালা দলিল লিখিয়া দিয়া সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি — সন বাংলা ১৪২৩ সালের ২০ শে অগ্রহায়ন, ইংরাজী ২০১৬ সালের ৬ ই ডিসেম্বর।

## ॥ তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ॥

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস রাজারহাট, নিউ টাউন এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত এবং রাজারহাট বিষ্ণুপুর ১ নং গ্রাম পঞ্চায়েত অর্ন্তগত মৌজা- রেকজোয়ানী গ্রামে, জে.এল. নং - ১৩, রে.সা. নং ১৯৮, হাল ১০ নং তৌজি ভুক্ত হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিকারে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট হাল (আর.এস.) ৪৭০ ও ১৬৩৭ নং খতিয়ান হইতে আগত বর্তমান এল.আর. জরীপে আমি অত্র দলিলের বিক্রেতা আমার নিজ নামে বরাবর এল.আর. ৭২৯৪ নং খতিয়ান ভুক্ত জমাজমি —

১। হাল (আর.এস. ও এল.আর.) ১০৯০ নং দাগে ডাঙ্গা ২১ শতক জমির মধ্যে আমার নিজ নাম বরাবর রেকর্ডীয় ০.০১৭৪ অংশে কমবেশী ০০.৩৭ সাঁইত্রিশ শতক

জমি ...... ১০

Scanned with CamScanner

জমি যাহা স্থানীয় বাংলা মাপে কমবেশী ০০ - ০৪ - ০০´ চার ছটাক জমি।

২। হাল (আর.এস. ও এল.আর.) ১০৯৫ নং দাগে ডাঙ্গা ৩৩ শতক জমির মধ্যে আমার নিজ নাম বরাবর রেকর্ডীয় ০.০৯৩৯ অংশে কমবেশী ০৩.১০ তিন শতক দশ শতকাংশ জমি, যাহা স্থানীয় বাংলা মাপে কমবেশী ০১ - ১৪ - ২৭´ এক কাঠা চৌদ্দ ছটাক সাতাশ বর্গফুট জমি।

---

সর্ব্বমোট দুইটি দাগে অত্র সহ নকসায় লাল রেখার দ্বারা দর্শিত সীমাংকৃত 'সি' নং প্লটে চৌহদ্দি ভুক্ত একত্রে কমবেশী ০২ (দুই) কাঠা ০২ (দুই) ছটাক ২৭ (সাতাশ) বর্গফুট জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট দরবস্তু হক হকুক সম্পত্তি অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার হারাহারী খাজনা পশ্চিমবঙ্গ ল্যান্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে ধার্য্য হইবে।

অত্র সহ নকসাখানি অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য ও কার্য্যকারী হইবে।

## -ঃ যাহার চৌহদ্দী ঃ-

উত্তরে ☞ হাল (আর.এস. ও এল.আর.) ১০৯৬ নং দাগের জমি।

দক্ষিণে ☞ হাল (আর.এস. ও এল.আর.) ১০৯৫ নং দাগের জমি ও ৮ ফুট প্রশস্থ কমন প্যাসেজ।

পূর্ব্বে ...... ৬২

Scanned with CamScanner

Dhirendranathdas

পূর্ব্বে ☞ হাল (আর.এস. ও এল.আর.) ১০৯০ নং দাগের অংশ।

পশ্চিমে ☞ অত্র হাল ১০৯৫ নং দাগের জমি ও 'বি' নং প্লটের জমি।

## ॥ প্রাপ্ত টাকার জায় ॥

| তারিখ | চেক নং | ব্যাঙ্কের নাম | মূল্যরাশী |
|---|---|---|---|
| ০১/০১/২০১৬ | ৩২২১১৭ | কর্পোরেশন ব্যাঙ্ক, | ১,৫০,০০০ |
| ২৯/০২/২০১৬ | ৩১৬৭২৪ | কর্পোরেশন ব্যাঙ্ক, | ২,০০,০০০ |
| ১০/০৫/২০১৬ | ০৬৫৪১৪ | এস.বি.আই. ব্যাঙ্ক, | ২৫,০০০ |
| ২০/০৬/২০১৬ | ৩১৬৭৩৭ | কর্পোরেশন ব্যাঙ্ক, | ১,২৫,০০০ |
| ২০/০৬/২০১৬ | ৩৫৮২৯২ | কর্পোরেশন ব্যাঙ্ক, | ১,৭৫,০০০ |
| ২৮/০৬/২০১৬ | ৩৫৮২৯৩ | কর্পোরেশন ব্যাঙ্ক, | ২৫,০০০ |

মোট মং - ৭,০০,০০০ সাত লক্ষ টাকা ক্রেতার নিকট হইতে বুঝিয়া পাইলাম।

Dhirendranathdas

**॥ মুসাবিদাকারক ॥**

Faridul Islam
Advocate
District Judges Court
Barasat
Enrol. No.- F/1175/1387/2011

-ঃ টাইপকারক ঃ-

[signature]
আশা কম্পিউটার
রাজারহাট, কোলকাতা - ১৩৫।

**॥ ইসাদী ॥**

১। Somnath Bardhan
Vill: Reckjoani (Near Site Mandi.
PO + PS: Rajarhat
Kolkata: 700135

২। Sabebali
Rajarhat, Kol - 13

Scanned with CamScanner

SITE PLAN PART OF R.S. & L.R. DAG NOS. 1090 & 1095, L.R. KHATIAN NO.- 7294, AT MOUZA - RECKJOANI, J. L. NO.- 13, RE.SA. - 198, TOUZI NO. 10, UNDER RAJARHAT BISHNUPUR NO. I GRAM PANCHAYET, P. S. - RAJARHAT, DIST. - NORTH 24 PARGANAS.

SCALE: = N.T.S.

AREA OF LAND = 02K -02CH - 27 SFT (M/L).
SHOWN IN RED BORDER .

VENDEE : 1. SRI SISIR MANDAL
2. SMT. PRIYANKA MANDAL

VENDOR : SRI DHIRENDRA NATH DAS




Dhirendranath Das

| P & Colour | REFERENCE | AREA | | | |
|---|---|---|---|---|---|
| | | DC. | K | CH | SFT |
| Plot- C | R.S. & L.R. DAG NO.- 1090(P) | 3.10 | 01 | 14 | 27 |
| | R.S.-& L.R. DAG NO.- 1090(P) | 0.36 | 00 | 04 | 00 |
| | TOTAL AREA | 3.46 | 02 | 02 | 27 |

Scanned with CamScanner

UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B.- LH BOX - SMALL TO THUMB PRINTS
R.H. BOX - THUMB TO SMALL PRINTS

SIGNATURE OF THE PRESENTANT/ EXECUTANT WITH PHOTO

VENDEE'S NAME : শ্রী শিশির মন্ডল, (PAN NO - AKHPM 5985 D)



Sisir Mandal.

LH.

RH.



ATTESTED: Sisir Mandal.

VENDEE'S NAME : শ্রীমতী প্রিয়াঙ্কা মন্ডল, (PAN NO - BEBPM 9118



Priyanka Mandal

LH.

RH.



ATTESTED: Priyanka Mandal

VENDOR'S NAME : শ্রী ধীরেন্দ্র নাথ দাস, (PAN NO - ADPPD 118S



Dhirendranathdas

LH.

RH.



Scanned with CamScanner

# Govt. of West Bengal
## Directorate of Registration & Stamp Revenue
## e-Challan

GRN: 19-201617-003354868-2
GRN Date: 01/12/2016 18:43:17
BRN : 90019797

Payment Mode: Counter Payment
Bank : State Bank of India
BRN Date: 03/12/2016 00:00:00

**DEPOSITOR'S DETAILS**

Id No. : 15230001570654/1/2016
[Query No./Query Year]

Name: sisir mandal
Contact No. :
Mobile No. : +91 9836147272
E-mail :
Address : Reckjoani,
Applicant Name : Shri Sisir Mandal
Office Name :
Office Address :
Status of Depositor : Buyer/Claimants
Purpose of payment / Remarks : Sale, Sale Document Payment No 1

PAID

**PAYMENT DETAILS**

| Sl. No. | Identification No. | Head of A/C Description | Head of A/C | Amount[₹] |
|---|---|---|---|---|
| 1 | 15230001570654/1/2016 | Property Registration- Registration Fees | 0030-03-104-001-16 | 1617 |
| 2 | 15230001570654/1/2016 | Property Registration- Stamp duty | 0030-02-103-003-02 | 7247 |
| | | | Total | 8865 |

In Words : Rupees Eighty Eight Thousand Six Hundred Fifty One only

Scanned with CamScanner

## Major Information of the Deed

| | | | |
|---|---|---|---|
| Deed No : | I-1523-12143/2016 | Date of Registration | 12/6/2016 11:44:06 AM |
| Query No / Year | 1523-0001570654/2016 | Office where deed is registered | |
| Query Date | 30/11/2016 7:59:48 PM | A.D.S.R. RAJARHAT, District: North 24-Parganas | |
| Applicant Name, Address & Other Details | Sisir Mandal<br>Reckjoyni,Thana : Rajarhat, District : North 24-Parganas, WEST BENGAL, PIN - 700135<br>Mobile No. : 9836147272, Status :Buyer/Claimant | | |
| Transaction | | Additional Transaction | |
| [0101] Sale, Sale Document | | [4305] Other than Immovable Property, Declaration [No of Declaration : 2] | |
| Set Forth value | | Market Value | |
| Rs. 7,00,000/- | | Rs. 14,69,166/- | |
| Stampduty Paid(SD) | | Registration Fee Paid | |
| Rs. 73,478/- (Article:23) | | Rs. 16,173/- (Article:A(1), E) | |
| Remarks | | | |

### Land Details :

District: North 24-Parganas, P.S:- Rajarhat, Gram Panchayat: RAJARHAT BISHNUPUR-I, Mouza: Rekjoyani

| Sch No | Plot Number | Khatian Number | Land Use Proposed | ROR | Area of Land | SetForth Value (In Rs.) | Market Value (In Rs.) | Other Details |
|---|---|---|---|---|---|---|---|---|
| L1 | RS-1090 | RS-7294 | Bastu | Danga | 4 Chatak | 1,00,000/- | 1,31,175/- | Width of Approach Road: 8 Ft., |
| L2 | LR-1095 | LR-7294 | Bastu | Danga | 1 Katha 14 Chatak 27 Sq Ft | 6,00,000/- | 13,37,991/- | Width of Approach Road: 8 Ft., |
| | | TOTAL : | | | 3.5681Dec | 7,00,000 /- | 14,69,166 /- | |
| | Grand Total : | | | | 3.5681Dec | 7,00,000 /- | 14,69,166 /- | |

### Seller Details :

| Sl No | Name,Address,Photo,Finger print and Signature | | | |
|---|---|---|---|---|
| | Name | Photo | Fringerprint | Signature |
| 1 | Shri Dhirendra Nath Das<br>Son of Late Mongal Chandra Das<br>Executed by: Self, Date of Execution: 06/12/2016<br>, Admitted by: Self, Date of Admission: 06/12/2016 ,Place : Office | <br>06/12/2016 | <br>LTI<br>06/12/2016 | <br>06/12/2016 |
| | 163/1, Masjid Bari Street, P.O:- Bidan Street, P.S:- Burtola, Kolkata, District:-Kolkata, West Bengal, India, PIN - 700006 Sex: Male, By Caste: Hindu, Occupation: Retired Person, Citizen of: India, PAN No. ADPPD1188C, Status :Individual | | | |



Scanned with CamScanner

## ...yer Details :

| Sl No | Name,Address,Photo,Finger print and Signature |
|---|---|
| 1 | **Shri Sisir Mandal**<br>Son of Late Himangshu Mandal Reckjoyni, P.O:- Rajarhat, P.S:- Rajarhat, District:-North 24-Parganas, West Bengal, India, PIN - 700135 Sex: Male, By Caste: Hindu, Occupation: Business, Citizen of: India, PAN No AKHPM5985D, Status :Individual |
| 2 | **Smt Priyanka Mandal**<br>Wife of Shri Sisir Mandal Reckjoyani, P.O:- Rajarhat, P.S:- Rajarhat, District:-North 24-Parganas, West Bengal, India, PIN - 700135 Sex: Female, By Caste: Hindu, Occupation: Business, Citizen of: India, PAN No BEBPM9118R, Status :Individual |

## Identifier Details :

| Name & address | |
|---|---|
| Shri Somnath Bardhan<br>Son of Shri Nemai Chand Bardhan<br>Reckjoani, P.O:- Rajarhat, P.S:- Rajarhat, District:-North 24-Parganas, West Bengal, India, PIN - 700135, Sex: Male, By Caste: Hindu, Occupation: Business, Citizen of: India, , Identifier Of Shri Dhirendra Nath Das | |
| Somnath Bardhan | 06/12/2016 |

**Transfer of property for L1**

| Sl.No | From | To. with area (Name-Area) |
|---|---|---|
| 1 | Shri Dhirendra Nath Das | Shri Sisir Mandal-0.20625 Dec,Smt Priyanka Mandal-0.20625 Dec |

**Transfer of property for L2**

| Sl.No | From | To. with area (Name-Area) |
|---|---|---|
| 1 | Shri Dhirendra Nath Das | Shri Sisir Mandal-1.57781 Dec,Smt Priyanka Mandal-1.57781 Dec |

### Endorsement For Deed Number : I - 152312143 / 2016

**On 01-12-2016**

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs 14,69,166/-

Debasish Dhar
ADDITIONAL DISTRICT SUB-REGISTR
OFFICE OF THE A.D.S.R. RAJARHA
North 24-Parganas, West Bengal



Scanned with CamScanner

06-12-2016

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23 of Indian Stamp Act 1899.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 11:33 hrs on 06-12-2016, at the Office of the A.D.S.R. RAJARHAT by Shri Dhirendra Nath Das ,Executant.

**Admission of Execution ( Under Section 58, W.B. Registration Rules, 1962 )**

Execution is admitted on 06/12/2016 by Shri Dhirendra Nath Das, Son of Late Mongal Chandra Das, 163/1, Masjid Bari Street, P.O: Bidan Street, Thana: Burtola, , City/Town: KOLKATA, Kolkata, WEST BENGAL, India, PIN - 700006, by caste Hindu, by Profession Retired Person

Indetified by Shri Somnath Bardhan, , , Son of Shri Nemai Chand Bardhan, Reckjoani, P.O: Rajarhat, Thana: Rajarhat, , North 24-Parganas, WEST BENGAL, India, PIN - 700135, by caste Hindu, by profession Business

**Payment of Fees**

Certified that required Registration Fees payable for this document is Rs 16,173/- ( A(1) = Rs 16,159/- ,E = Rs 14/- ) and Registration Fees paid by Cash Rs 0/-, by online = Rs 16,173/-
Description of Online Payment using Government Receipt Portal System (GRIPS), Finance Department, Govt. of WB Online on 03/12/2016 12:00AM with Govt. Ref. No: 192016170033548682 on 01-12-2016, Amount Rs: 16,173/-, Bank: State Bank of India ( SBIN0000001), Ref. No. 90019797 on 03-12-2016, Head of Account 0030-03-104-001-16

**Payment of Stamp Duty**

Certified that required Stamp Duty payable for this document is Rs. 73,478/- and Stamp Duty paid by Stamp Rs 1,000/-, by online = Rs 72,478/-
Description of Stamp
1. Stamp: Type: Impressed, Serial no 4865, Amount: Rs.1,000/-, Date of Purchase: 24/11/2016, Vendor name: T K SAHA
Description of Online Payment using Government Receipt Portal System (GRIPS), Finance Department, Govt. of WB Online on 03/12/2016 12:00AM with Govt. Ref. No: 192016170033548682 on 01-12-2016, Amount Rs: 72,478/-, Bank: State Bank of India ( SBIN0000001), Ref. No. 90019797 on 03-12-2016, Head of Account 0030-02-103-003-0

Debasish Dhar
ADDITIONAL DISTRICT SUB-REGISTR
OFFICE OF THE A.D.S.R. RAJARHA
North 24-Parganas, West Bengal



Scanned with CamScanner

/icate of Registration under section 60 and Rule 69.
gistered in Book - I
/olume number 1523-2016, Page from 365538 to 365556
being No 152312143 for the year 2016.

Digitally signed by DEBASISH DHAR
Date: 2016.12.08 12:13:58 +05:30
Reason: Digital Signing of Deed.

(Debasish Dhar) 08-12-2016 12:13:57
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE A.D.S.R. RAJARHAT
West Bengal.

(This document is digitally signed.)



Scanned with CamScanner